

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (বাউবিশিস)  
BANGLADESH OPEN UNIVERSITY TEACHERS' ASSOCIATION (BOUTA)  
কার্যনির্বাহী পরিষদ - ২০২৪

সভাপতি  
ড. কে. এম. রেজানুর রহমান

সাধারণ সম্পাদক  
ড. মোঃ শহীদুর রহমান

সহ-সভাপতি

ড. মোহাম্মদ আব্দুল হামিদ

কোষাধ্যক্ষ

মোঃ শেখ ফরিদ

যুগ্ম সম্পাদক

রুবায়েয়া রহমান

সাংস্কৃতিক সম্পাদক

নূর মোহাম্মদ

কার্যনির্বাহী পরিষদ সদস্য

মোঃ আনোয়ারুল ইসলাম (এসওই)

ড. মোঃ ইকবাল হুসাইন

ড. মোঃ আব্দুস সাত্তার

মোঃ আনোয়ারুল ইসলাম (ওএস)

মোঃ কায়েস বিন রহমান

মোঃ মশিউর রহমান

আশিক বিশ্বাস

এস.এম. ইকরামুল ইসলাম রাসেল

মোঃ মাহমুদুল হাসান

সর্বজনীন পেনশন সংক্রান্ত বৈষম্যমূলক প্রজ্ঞাপন প্রত্যাহার, বিশ্ববিদ্যালয় শিক্ষকদের জন্য প্রতিশ্রুত সুপারগ্রেড কার্যকর এবং স্বতন্ত্র বেতনস্কেল প্রবর্তনের দাবিতে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের আহবানে

## মানববন্ধন

প্রিয় সাংবাদিকবৃন্দ, অদ্য ২৬ মে, ২০২৪ ইং তারিখ সকাল ১১:৩০ টায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের আহবানে অর্থ মন্ত্রণালয় কর্তৃক পেনশন সংক্রান্ত জারিকৃত বৈষম্যমূলক প্রজ্ঞাপন প্রত্যাহার, প্রতিশ্রুত সুপারগ্রেডে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের অন্তর্ভুক্তি এবং শিক্ষকদের জন্য স্বতন্ত্র বেতন স্কেল প্রবর্তনের দাবিতে ফেডারেশনের ঘোষিত কর্মসূচির সাথে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি একাত্মতা প্রকাশ করে মানববন্ধন কর্মসূচী পালন করেছে। উক্ত কর্মসূচীতে বিশ্ববিদ্যালয়ের সর্বস্তরের শিক্ষকবৃন্দ অংশগ্রহণ করেন। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি গভীর উদ্বেগ এবং তীব্র ক্ষোভের সাথে লক্ষ্য করেছে যে, পেনশন সংক্রান্ত প্রজ্ঞাপন বিশ্ববিদ্যালয় শিক্ষকদের প্রতি চরম বৈষম্যমূলক আচরণের বহিঃপ্রকাশ, যা শিক্ষকদের পেশাগত মর্যাদাকে হেয় প্রতিপন্ন করেছে। শিক্ষক নেতারা বলেন, বিশ্ববিদ্যালয় শিক্ষকদের ভূমিকা জাতির উন্নয়নের জন্য অপরিহার্য। তাদের প্রতি এই বৈষম্যমূলক আচরণ কোনভাবেই মেনে নেওয়া যায় না। হঠাৎ করেই একটি স্বার্থান্বেষী মহল নিজেদের সুবিধা অক্ষুণ্ণ রেখে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের ওপর এ ধরনের বৈষম্যমূলক ব্যবস্থা চাপিয়ে দিয়েছে। এ ধরনের বৈষম্যমূলক প্রজ্ঞাপন এক দেশে হতে পারে না। আমরা এ ধরনের প্রজ্ঞাপন প্রত্যাখ্যান করছি। পাবলিক বিশ্ববিদ্যালয়ে সর্বজনীন পেনশন স্কিম চালু হলে মেধাবীরা শিক্ষকতা পেশায় আগ্রহ হারাবে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের 'সোনার বাংলা' তথা স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বাঁধা সৃষ্টি করবে।

শিক্ষকদের সম্মান ও মর্যাদা রক্ষার্থে এবং শিক্ষাব্যবস্থার উন্নয়নের স্বার্থে অবিলম্বে এই পেনশন সংক্রান্ত বৈষম্যমূলক প্রজ্ঞাপন প্রত্যাহার করতে হবে। সেই সাথে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের কাজের গুরুত্ব ও দায়িত্ব বিবেচনা করে, তাদের জন্য একটি স্বতন্ত্র ও উপযুক্ত বেতন স্কেল প্রবর্তন করতে হবে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি অনতিবিলম্বে বৈষম্যমূলক প্রজ্ঞাপনটি প্রত্যাহারের দাবি জানাচ্ছে।

২৬.০৫.২০২৪

মোঃ শহীদুর রহমান পিএইচডি

সহযোগী অধ্যাপক

ও

সাধারণ সম্পাদক,

বাউবিশিস ২০২৪